

## ডেস্টিনিতে ক্ষতিগ্রস্ত ব্যক্তির দায়ভার কে বহন করবে?

### প্রশ্ন:

আমার আশ্মার এক বান্ধবি আগে দীন ধর্ম তেমন পালন করতেন না। এখন আল্লাহ্‌ তায়াল্লা তাঁকে হিদায়াত দিয়েছেন। তাই এখন দ্বীনের পথে চলার চেষ্টা করেন। একসময় তিনি ডেস্টিনিতে সম্পৃক্ত ছিলেন। সেখানে আরও দুইজন মহিলাকেও ভর্তি করিয়েছিলেন। কিন্তু পরবর্তীতে তিনিসহ ওই দুই মহিলা মার খেয়ে যান। এখন ওই দুই মহিলা টাকার জন্য তাঁকে চাপ দিচ্ছেন।

এখন তিনি জানতে চাচ্ছেন, ওই দুই মহিলার মার যাওয়া টাকা কি তাঁকে দিতে হবে? তিনি এটি এ কারণে জানতে চান, যদি দিতে হয় তাহলে দিয়ে দিবেন। যেন আখেরাতে পাকড়াও হতে না হয়। আর যদি দিতে না হয় তাহলে দিবেন না।

اللجنة الشرعية للدعوة والنصرة  
উচ্চতর ইসলামী আইন গবেষণা প্রশ্নকারী- সায়েল

### উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده اما بعد

ডেস্টিনির কারবারগুলো ছিল জুয়া ও সুদ নির্ভর। সুতরাং তাতে ভর্তি হওয়া এবং ভর্তি করানো, উভয়ই গোনাহের কাজ। এজন্য সবাইকে তওবা করতে হবে। তবে ভর্তিকারিণীকে উক্ত গচ্ছার জরিমানা আদায় করতে হবে না। যারা ভর্তি হয়েছেন, তার ক্ষতির দায়ভার তাদের নিজেদেরকেই বহন করতে হবে। -আলআশবাহ্ ওয়ান নাযায়ের, দারুল কুতুবিল ইলমিয়্যাহ: ১/১৬৩, দুরারুল হুকাম ফি শরহি মাজাল্লাতিল আহকাম, দারুল জীল: ১/১৯১, আল ইখতিয়ার লিত'লীলিল মুখতার, দারুল কুতুবিল ইলমিয়্যাহ: ৩/৬৬, আলবাহরুর রায়েক, দারুল কিতাবিল ইসলামি: ৮/৪০৯, তাকমিলাতু রদিল মুহতার, দারুল ফিকর: ৭/১৭৮

فقط. والله اعلم بالصواب

মুফতি আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি(হাফিযাহুল্লাহ)

২০-১১-৪১ হি.

১২-০৭-২০ ইং

